

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন শাসকগণ সালাতকে নির্ধারিত সময় থেকে বিলম্বে আদায় করবে, তখন ব্যক্তির জন্য যা করা আবশ্যক

ذِكْنُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ عِنْدَ تَأْخِيرِ الْأُمْرَاءِ الصَّلَاةَ عَنْ أَوْقَاتِهَا

আরবী

বাংলা

১৪৮০. আবৃ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমার অবস্থা কেমন হবে, যখন তুমি এমন কওমের মাঝে থাকবে, যারা সালাতকে নির্ধারিত সময় থেকে বিলম্বে আদায় করে?" তিনি বলেন, "তখন আমি কিভাবে আমল করবো?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি সালাতকে নির্ধারিত সময়ে আদায় করবে, অতঃপর যখন তুমি তাদের সালাত আদায় করতে পাবে, তখন তুমি আবার তাদের সাথে সালাত আদায় করবে। এটা বলবে না, "আমি তো সালাত আদায় করেছি, কাজেই আমি আর সালাত আদায় করবো না।"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/১২৮; মুসানাফ আব্দুর রাযযাক: ৩৭৮১; সহীহ মুসলিম: ৬৪৮; নাসাঈ: ২/৭৫; আত



তায়ালিসী: ৪৫৪; দারেমী: ১/২৭৯; আত তাবারানী: ১৬৩৩; বাগাবী: ২৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন